১৮

দৈনিক ইত্তেফাক

তারিখ 26-06-1998
পৃঃ ৪ কলাম ৫

## বাউবি-র সি-এড কোর্স

সম্প্রতি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বাউবি সি-এড নামক একটি কোর্স চালু করিয়াছে। প্রাইমারী শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র পিটিআইসমূহের ক্লাসরুমে পিটিআই-এর শিক্ষক দ্বারাই এই প্রশিক্ষণ দেওয়া হইতেছে। তাই কোর্সটি যে সি-ইন-এড-এর সমমানের এবং সম্পূর্ণ সরকারী অনুমোদনের মাধ্যমে প্রবর্তন করা হইয়াছে ইহাতে সন্দেহের কোন অবকাশ নাই। কিন্তু পরিতাপের বিষয়, এই যে, প্রাইমারী শিক্ষা বিভাগ এই কোর্সকে নিরুৎসাহিত করিতেছে বলিয়া প্রতীয়মান হইতেছে। বেশ কিছু সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণবিহীন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণের অনুমোদনের জন্য ধরনা দিলেও উক্ত বিভাগ সি-এড-এ ভর্তি না হওয়ার জন্য পরামর্শ দিতেছে, যাহা নিঃসন্দেহে খবরদারীমূলক আচরণ । এমতাবস্থায়, স্বভাবতই প্রশ্ন জাগে যেখানে বাউবি প্রবর্তিত বি.এডসহ অন্যান্য প্রশিক্ষণ সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সমমান হিসাবে স্বীকৃত হইতেছে সেখানে কেন সি-এড প্রশিক্ষণে প্রাথমিক শিক্ষা কর্তৃপক্ষ প্রাথমিক শিক্ষকদের নিরুৎসাহিত করিতেছেন? বিষয়টির প্রতি সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণের সুদৃষ্টি আকর্ষণ করিতেছি।

মাইদুল ইসলাম,
১৪০/২ আর.কে. মিশন রোড,
ঢাকা ১২০৩।